

২০২১-২০২২ শিক্ষাবর্ষে GST (General, Science and Technology) গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি পরীক্ষায় সর্বনিম্ন ৩০ নম্বর পেয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা GST ওয়েবসাইট (<https://gstadmission.ac.bd>)-এর মাধ্যমে কাজীকৃত বিশ্ববিদ্যালয়ে আবেদন করতে পারবে।

১। ভর্তির আবেদনের সময়, প্রক্রিয়া ও পেমেন্ট

GST ওয়েবসাইটের **Apply to Individual University** লিংকের মাধ্যমে গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের লিংক পাওয়া যাবে যা ব্যবহার করে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ে আবেদন করা যাবে। গুচ্ছভুক্ত কোন বিশ্ববিদ্যালয়ে আবেদনের ক্ষেত্রে নিম্নে উল্লেখিত বিষয়সমূহ বিশেষভাবে লক্ষণীয়:

(ক) আবেদনের সময়সীমা: ১৭/১০/২০২২ তারিখ দুপুর ১২:০০ টা হতে ২৭/১০/২০২২ তারিখ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত কাজীকৃত বিশ্ববিদ্যালয়ে আবেদন করা যাবে। ২৮/১০/২০২২ তারিখ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত আবেদন ফি পরিশোধ করা যাবে।

(খ) লগইন: কাজীকৃত বিশ্ববিদ্যালয়ে আবেদনের ক্ষেত্রে লগইন-এর জন্য GST Application ID এবং GST Password ব্যবহার করতে হবে। GST Application ID/GST Password ভুলে গেলে শুধুমাত্র GST ওয়েবসাইট (<https://gstadmission.ac.bd>) থেকে তা Recover করা যাবে।

(গ) মোবাইল নম্বর: আবেদনের কোন এক পর্যায়ে আবেদনকারীর মোবাইল নম্বর OTP-এর মাধ্যমে ভেরিফাই করা হবে। কোন কারণে মোবাইল নম্বর পরিবর্তন করতে চাইলে GST ওয়েবসাইটের মাধ্যমে প্রয়োজনীয় কাগজপত্রসহ অনলাইনে আবেদনপূর্বক তা পরিবর্তন করা যাবে।

(ঘ) বিভাগ পছন্দক্রম: GST গুচ্ছভুক্ত প্রতিটি বিশ্ববিদ্যালয়ের বিভাগসমূহ GST-এর তিনটি ইউনিট A, B, C-এ বিভক্ত। যে কোন আবেদনকারী শুধুমাত্র সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত শর্তসাপেক্ষে আবেদনযোগ্য বিভাগসমূহে আবেদন করতে পারবে। আবেদনকৃত বিভাগসমূহের পছন্দক্রম সঠিকভাবে প্রদান করতে হবে। আবেদনের সময়সীমা অতিক্রমের পর পছন্দক্রম পরিবর্তনের কোন প্রকার সুযোগ থাকবে না।

(ঙ) আবেদন ফি: প্রতিটি বিশ্ববিদ্যালয়ে আবেদন ফি ৫০০/- (পাঁচশত) টাকা (সার্ভিস চার্জ ব্যতিত)। যে সকল বিভাগের জন্য ব্যবহারিক পরীক্ষা আবশ্যিক সেই বিভাগ/বিভাগসমূহ পছন্দক্রমে অন্তর্ভুক্ত করলে প্রতিটির জন্য ব্যবহারিক পরীক্ষার ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা আবেদন ফি-এর সাথে যোগ হবে। সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত নিয়মানুসারে আবেদন ফি উল্লেখিত সময়সীমার মধ্যে অবশ্যই পরিশোধ করতে হবে।

(চ) আবেদন পদ্ধতি: বিস্তারিত আবেদন পদ্ধতি ও ভর্তি সংক্রান্ত নির্দেশিকা সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে।

২। প্রার্থী বাছাই ও ভর্তি প্রক্রিয়া

(ক) আবেদন সম্পন্ন হবার পর প্রতিটি বিশ্ববিদ্যালয় তাদের নিজস্ব শর্তাবলী অনুসরণ করে আবেদনকারীদের ইউনিটভিত্তিক মেধাক্রম ও বিভাগসমূহের পছন্দক্রম অনুসারে ভর্তিযোগ্য বিভাগ নির্বাচন করবে। সিট খালি থাকা সাপেক্ষে প্রতিটি বিশ্ববিদ্যালয় বিভাগ মাইগ্রেশন প্রক্রিয়া অটোমেটিক পদ্ধতিতে চলমান থাকবে এবং স্ব-স্ব বিশ্ববিদ্যালয় তা পরিচালনা করবে।

(খ) আবেদনকারী GST ওয়েবসাইটে লগইন করে আবেদনকৃত বিশ্ববিদ্যালয়সমূহে মেধাক্রম, ভর্তির জন্য নির্বাচিত বিভাগ (যদি থাকে) ইত্যাদি একযোগে দেখতে পাবে।

(গ) সমূদয় ভর্তি প্রক্রিয়া দুই ধাপে সম্পন্ন হবে। প্রথম ধাপে প্রাথমিক ভর্তি ও প্রয়োজনীয় মাইগ্রেশন GST ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে পরিরিচালিত হবে। প্রাথমিক পর্যায়ে ভর্তি প্রক্রিয়ায় ফি বাবদ ৫০০০/= টাকা (পরবর্তীতে সমন্বয় করা হবে) জমা দিয়ে প্রথম ভর্তিকৃত বিশ্ববিদ্যালয়ে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার মার্কসিট জমা দিতে হবে।

(ঘ) দ্বিতীয় ধাপে যে বিশ্ববিদ্যালয়ে চূড়ান্তভাবে ভর্তির জন্য নির্বাচিত হবে সেখানে ভর্তি ফি'র অবশিষ্ট (৫০০০/= টাকা সমন্বয়ের পর) জমা দিয়ে ভর্তি নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে প্রাথমিক পর্যায়ে ভর্তিকৃত বিশ্ববিদ্যালয় হতে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার মার্কসিট সংগ্রহ করে নিজ দায়িত্বে চূড়ান্ত পর্যায়ে ভর্তিকৃত বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে।

(ঙ) সকল প্রকার মাইগ্রেশন প্রক্রিয়া GST ওয়েবসাইটের মাধ্যমে সম্পন্ন করা হবে। মাইগ্রেশন সংক্রান্ত সকল নোটিশ GST ওয়েবসাইটে নিয়মিতভাবে প্রকাশ করা হবে।

ভর্তি ও মাইগ্রেশন প্রক্রিয়া সংক্রান্ত বিস্তারিত তথ্য যথাসময়ে GST ওয়েবসাইটে প্রকাশিত হবে।

■ GST Technical Committee